দৈনিক বাংলা

৫২

তারিখ 26 AUG 1991
পৃষ্ঠা ... কলাম ...

৫০

# এইচএসসি ইংরেজী পরীক্ষা ঃ দুই সহস্রাধিক বহিষ্কৃত

।। স্টাফ রিপোর্টার ।।

রোববার ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডের এইচএসসির প্রথম ও দ্বিতীয় পর্বের পরীক্ষায় দুই সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। মোটামুটি শান্তিপূর্ণভাবে সব ক'টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। বড় ধরনের তেমন কোন গোলযোগের খবর পাওয়া যায়নি। সবচেয়ে বেশী সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয় রাজশাহী বোর্ডে। এই বোর্ডে গতকাল ১১২২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

ঢাকা বোর্ডের এইচএসসি'র ইংরেজী প্রথম ও দ্বিতীয় পর্ব পরীক্ষায় ৬শ'রও বেশী পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে ময়মনসিংহ জেলায়। এই জেলায় বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৩১২ জন।

এছাড়া নেত্রকোনায় ৫৬ জন, গাজীপুরে ৫৩ জন, মাদারীপুরে ৪২ জন, গোপালগঞ্জে ৩৯ জন, ফরিদপুরে ২৬ জন, শেরপুরে ১৩ জন, মুন্সিগঞ্জে ১১ জন, শরীয়তপুরে ১০ জন ও রাজবাড়িতে ৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

এইচএসসি পরীক্ষায় গতকাল রাজধানী ঢাকার চারটি কলেজে মোট ৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে শেখ বোরহানউদ্দীন কলেজে পাঁচজন, আদর্শ কলেজে দু'জন এবং আবুজর গিফারী ও শহীদ সোহরাওয়ার্দী কলেজে একজন করে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ঢাকা বোর্ড সূত্রে বলা হয়েছে যে, গতকাল কোন কেন্দ্রে গোলযোগ হয়নি। এই বোর্ডের অধীন গত বৃহস্পতিবার বাংলা পরীক্ষায় মোট ২৫১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

**ময়মনসিংহ**

দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা ময়মনসিংহ থেকে জানান, এইচএসসি পরীক্ষার ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রে ময়মনসিংহ জেলার ১১টি কেন্দ্র থেকে নকলের দায়ে ৩১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে ময়মনসিংহে ২৭ জন, মুক্তাগাছায় ২ জন, ত্রিশালে ৪২ জন, ভালুকায় ৮ জন, গফরগাঁওয়ে ১৫২ জন, নান্দাইলে ৩৯ জন, ঈশ্বরগঞ্জে ৫ জন, গৌরীপুরে ১৩ জন, ফুলপুরে ১২ জন, হালুয়াঘাটে ২ জন এবং ধোপাউড়া কেন্দ্র থেকে ৪ জনকে বহিষ্কার করা হয়।

**জয়পুরহাট**

জয়পুরহাট থেকে সংবাদদাতা জানান ঃ গতকাল রাজশাহী শিক্ষা বোর্ডের আওতায় অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে জেলার পাঁচটি কেন্দ্র থেকে ৬ জন ছাত্রীসহ ১৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

**ঈশ্বরদী**

ঈশ্বরদী থেকে আমাদের সংবাদদাতা জানান ঃ গতকাল ঈশ্বরদী কেন্দ্রে এইচএসসি পরীক্ষায় নকলের অভিযোগে পাঁচজন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে তিনজন ছাত্রী ও দু'জন ছাত্র। ইংরেজী প্রথম পত্রে নকলের অভিযোগে দু'জন ও ইংরেজী দ্বিতীয় পত্রে নকলের অভিযোগে তিনজনকে বহিষ্কার করা হয়।

**যশোর**

যশোর থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান ঃ যশোর বোর্ডে গতকাল ৩৫টি কেন্দ্রে ১৫২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এই বোর্ডে এদিন সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয় কুষ্টিয়ার আমলানগর কলেজ কেন্দ্রে। এই কেন্দ্রে ২১ জনকে বহিষ্কৃত করা হয়েছে।

রোববার মোটামুটি শান্তিপূর্ণভাবে এই বোর্ডের অধীনে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

---

ম্যাঠের আশে পাশে আট বছর বয়সে ক্রিকেটে জ্যাক হিয়ামসের যে হাতে খড়ি হয় ৬৩ বছর পর এখনও সে ক্রিকেটের সাথে তার বন্ধন অচ্ছেদ্য রয়েছে।

ওয়েসলী হল ছাড়া যেসব নামী ক্রিকেটারদের বিপক্ষে হিয়ামস খেলেছেন তারা হচ্ছেন—টনিলর্ক, জিম লেকার, ফ্রেডি টুম্যান, রমন সুব্বারাও, জিওফ আরনোল্ড ও প্যাট পোকক।

জ্যাক হিয়ামস ক্রিকেট মওসুমের প্রাক্কালে ফর্টি ক্লাবের হয়ে দক্ষিণ আফ্রিকা সফর করে এসেছেন। সফরে ব্যাটিং গড়পড়তার শীর্ষে থেকে তার ব্যাটিং নৈপুণ্য ও পারদর্শিতার স্বাক্ষর রেখেছেন। আমি আরও কয়েক বছর ক্রিকেট খেলে যেতে চাই। যখন দেখবো আর সেঞ্চুরী করতে বা মওসুমে হাজার পেরুতে পারছিনা তখন ক্রিকেট থেকে নিজেকে সরিয়ে নেবো। তবে এখন এ মুহূর্তে মনে হচ্ছে এ বছরও আমি সেঞ্চুরী এবং হাজার রানের কোঠায় পৌছাবো—একথা ৭১ বছর বয়সী হিয়ামসের।

তার ক্রিকেট জীবনের ১,১২,০০০ রান গ্রেস ভ্রাতৃদ্বয় ডব্লিউ ও ই এমের